

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ ডলি পারভীন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালুখালী, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৬/০১/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব কে কালুখালী উপজেলায় মহিলা বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালুখালী সভায় জানান যে, তাঁর কার্যালয়ে ভিজিডি কার্যক্রম, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের কার্যক্রম, বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক রোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত প্রভৃতি কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। তিনি আরও জানান যে, এখনও ৩টি ইউনিয়ন হতে মাতৃত্ব ভাতার তালিকা পাওয়া যায়নি বিধায় জরুরি ভিত্তিতে বোয়ালিয়া, কালিকাপুর এবং রতনদিয়া ইউনিয়ন হতে মাতৃত্ব ভাতার তালিকা প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। প্রতিবেদনে আরও জানা যায় যে, কালুখালী উপজেলায় বাল্য বিবাহের প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ বাল্য বিবাহ প্রবণতা রোধ করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী জানান যে, বাল্য বিবাহ নিরুসাহিত করার জন্য আমাদের নিজ নিজ অবস্থান থেকে একটি বলয় তৈরি করতে হবে এবং জনগণকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে ধারণা দিতে হবে।

সিদ্ধান্ত : বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। মৃগী ইউনিয়নের চেয়ারম্যান, প্রস্তাবটি গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ ডলি পারভীন

(মোছাঃ ডলি পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালুখালী।

তারিখঃ ১৬/০১/২০২২

স্মারক নং- মহিলা ও শিশু /কালু/২০২২- - ৫-৫

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান..... ইউপি, কালুখালী রাজবাড়ী।

Tuhina
১৬/০১/২০২২

উপজেলা মহিলা বিষয়ক অফিসার
কালুখালী, রাজবাড়ী